কিভাবে বুঝবেন কোমর ব্যাথা না কিডনি সমস্যা?জেনে নিন

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: আমাদের দেশে অনেক রোগী আছেন। যারা আসলে জানেন না যে কোনটি কোমর ব্যাথা আর কোনটি কিডনির ব্যাথা। বেশির ভাগ কোমর ব্যাথার রোগী মনে করেন তাদের কিডনিতে সমস্যা হয়েছে। তবে কিছু তথ্য কিংবা উপসর্গ জানা থাকলে নিজে নিজেই বোঝা যাবে ব্যাথা কিসের।

কিডনি রোগীদের উপসর্গ কিংবা ব্যথা
কিডনির ব্যাথা সাধারণত মেরুদণ্ড থেকে একটু দূরে ডান কিংবা বাম পাশে হয়। যা পেছনের পাঁজরের নিচের অংশে অনুভূত হয় এবং এই ব্যাথা নড়াচড়া করে, কোমরের দুই পাশেও যেতে পারে এবং পেছনের নরম জায়গায় অনুভূত হতে পারে।

রোগী নিজেকে অসুস্থ এবং দুর্বল বলে মনে করবে, মাঝে মাঝে বমি বমি ভাব হবে। শরীরে জ্বর জ্বর ভাব অনুভব হবে এবং তাপমাত্রা অনেক বেড়ে যাবে। প্রস্রাব ঘোলাটে হবে এবং গন্ধ বের হবে।
প্রস্রাবের সঙ্গে রক্ত আসতে পারে, স্বাভাবিকের চেয়ে বেশি প্রস্রাব হবে।

কীভাবে বুঝবেন এটি কোমর ব্যথা?

কোমর ব্যথা সাধারণত মাংস পেশি, হাড়, ডিস্ক, জয়েন্ট, নার্ভ কিংবা রগ সম্পর্কিত। এটি নির্দিষ্ট এরিয়াতে হয়ে থাকে। মেরুদণ্ডের নাড়াচাড়া যেমন উঠাবসা, সামনে ঝোঁকা, হাঁটা কিংবা দাঁড়ানো, অনেকক্ষণ কাজ করা এবং শুয়ে থাকার সঙ্গে সম্পর্ক যুক্ত এবং এটি নাড়াচাড়ার সঙ্গে কমবে কিংবা বাড়বে। সাধারণত এই ব্যাথায় জ্বর হয় না। তবে কোনো রোগের কারণে কোমর ব্যাথা হলে জ্বর আসতে পারে যেমন টিউমার এবং রোগী নিজেকে দুর্বল মনে করে না।

নিউজবিডি৭১/আ/১৬ মে ,২০১৮